[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করোনা ভাইরাস প্রতিরোধে কোটচাঁদপুরে এমপি’র মাক্স, সাবান, হ্যাণ্ড গ্লোফস বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা ভাইরাস প্রতিরোধে মাক্স, সাবান, হ্যাণ্ড গ্লোফস বিতরণ করলেন ঝিনাইদহ-৩ (কোটচাঁদপুর-মহেশপুর) আসনের এমপি অ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

বুধবার সকালে পৌর শহরের বিভিন্ন মোড়ে মোড়ে সাধারণ অসহায় মানুষের মাঝে করোনা ভাইরাস প্রতিরোধে সামাজিক সচেতনতা হিসাবে নিজ হাতে লিফলেট ও স্যানেটারী সামগ্রী বিতরণ করেন।

এ সময় তার সাথে ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, কোটচাঁদপুর থানার ওসি (তদন্ত) ইমরান আলম, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান ও আওয়ামীলীগ নেতা মিজানুর রহমান খানসহ আ.লীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে তিনি মহেশপুর পৌর শহরেও অনুরুপ সামগ্রী বিতরণে কাজে অংশ নেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

চুয়াডাঙ্গার সব ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ

বুধবার সকাল থেকেই চুয়াডাঙ্গার চারটি উপজেলার সব ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে।

সকাল থেকেই এসব এলাকার ওষুধ, খাদ্যদ্রব্য, নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান ছাড়া সব ধরণের ব্যবসা প্রতিষ্ঠান ছিলো। রাস্তাঘাটও ছিলো অনেকটাই ফাঁকা।

জরুরী প্রয়োজন ছাড়া কেউ ঘর থেকে বের হচ্ছেন না। এর আগে মঙ্গলবার

জেলা প্রশাসন ও দোকান মালিক সমিতি ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখার ঘোষণা দেয়।

গুজব: ফ্রিজে মুরগির মাংস রাখা যাবে না

করোনা ভাইরাস নিয়ে গুজবে ভাসছে চুয়াডাঙ্গা। গ্রামে গ্রামে গুজব ছড়িয়ে পড়েছে কেউ ফ্রিজে মুরগির মাংস রাখলে জরিমানা করা হবে। কিংবা ফ্রিজ ভেঙ্গে ফেলা হবে। বাড়িতেও মুরগি রাখা যাবে না।

এমন গুজব ছড়ানোর পর চুয়াডাঙ্গা প্রাণিসম্পদ বিভাগের পক্ষ থেকে মাইকিং করে সকলকে সতর্ক করা হয়েছে।

গুজবের কারণে গ্রামাঞ্চলের অনেকেই ফ্রিজে থাকা মুরগির মাংস ভয়ে রান্না করে খেয়ে ফেলছেন। বাড়িতে মুরগি থাকলেও তা জবাই করে রান্না করছেন কিংবা আত্মীয় বাড়ি পাঠিয়ে দিচ্ছেন। গুজবের কারণে বাজারে মুরগি বিক্রিও কমে গেছে।

চুয়াডাঙ্গা নিচের বাজারের এক মুরগি ব্যবসায়ী নিজের পরিচয় গোপন রাখার শর্তে বলেন, বিক্রি প্রায় অর্ধেকে নেমে এসেছে। গুজবের কারনেই কেউ মুরগি কিনতে চাচ্ছেন না। অনেকে বাজারে এসে অন্য কেনাকাটা করলেও মুরগির বাজারে ঢুকছেন না।

সদর উপজেলার আলোকদিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইসলাম উদ্দিন বলেন, গুজব ছড়ানোর পর অনেকে আমার কাছে জানতে চেয়েছিল। আমি সবাইকে বলেছি, গুজব, ভয় পাওয়ার কিছু নেই। মুরগি বাড়িতে থাকলেও সমস্যা নেই।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের মিডিয়া সেলের দায়িত্বে থাকা সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শিবানী সরকার জানান, প্রাণি সম্পদ বিভাগ থেকে এ ব্যাপারে মাইকিং প্রচারণা করা হয়েছে। করোনা নিয়ে যে কোনো গুজবের ব্যাপারে সকলকে সতর্ক থাকতে বলা হয়েছে।

চুয়াডাঙ্গায় চব্বিশ ঘন্টায় ৭১ জন কোয়ারেন্টিনে

চুয়াডাঙ্গায় গত ২৪ ঘন্টায় নতুন করে ৭১ জনকে হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে।

এ নিয়ে মোট কোয়ারেন্টিনের সংখ্যা দাড়ালো ৩০৪ জনে। এছাড়া চুয়াডাঙ্গা সদর হাসপাতালে একজন আইসোলেশনে এবং একজন কোয়ারেন্টিনে আছেন।

আগে থেকে হোম কোয়ারেন্টিনে থাকা ৩৫ জনকে কোয়ারেন্টিন থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। চুয়াডাঙ্গার সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন এ তথ্য জানান।

চুয়াডাঙ্গায় গরুর শিংয়ের গুঁতোয় পিতা নিহত: পুত্র গুরুতর জখম

চুয়াডাঙ্গা পৌর এলাকার হাজরাহাটি গ্রামে গরুর শিংয়ের গুঁতোয় আব্দুল হামিদ (৫০) নামে একজনের মৃত্যু হয়েছে।

এসময় সাথে থাকা হামিদের ছেলে মদিন হোসেন (৩২) গুরুতর জখম হন। নিহত আব্দুল হামিদ সদর উপজেলার সরিষাডাঙ্গা গ্রামের মৃত তৈয়ব আলীর ছেলে। গতকাল মঙ্গলবার রাতে রাজশাহী মেডিকেলে নেয়ার পথে মারা যান তিনি।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার দুপুরে আব্দুল হামিদ চুয়াডাঙ্গা থেকে তার ছেলের মোটরসাইকেলে গ্রামে ফিরছিলেন। পথে হাজরাহাটি গ্রামে

পৌঁছালে একটি ষাড় গরু তেড়ে এসে পিতা-পুত্রকে গুঁতিয়ে জখম করে।

গ্রামবাসী দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। সন্ধ্যায় আব্দুল হামিদের অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাকে রাজশাহী মেডিকেলে রেফার করেন। সেখানে নেয়ার পথে রাত ১০টার দিকে তিনি মারা যান।

এ ব্যাপারে চুয়াডাঙ্গা সদর থানার ওসি (তদন্ত) লুৎফুল কবীর জানান, এ ব্যাপারে থানায় কোনো মামলা হয়নি।

চুয়াডাঙ্গায় গৃহবধুকে ধর্ষণের অভিযোগে থানায় মামলা

চুয়াডাঙ্গা শহরের শান্তিপাড়ায় এক গৃহবধুকে ধর্ষণের অভিযোগে থানায় মামলা দায়ের করা হয়েছে। গত মঙ্গলবার সকালে শান্তিপাড়ার একটি বাড়িতে এ ধর্ষণের ঘটনা ঘটে বলে মামলায় উল্লেখ করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের হয়েছে।

মামলার উদ্ধৃতি দিয়ে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মোহাম্মদ ফখরুল আলম খান জানান, মঙ্গলবার সন্ধ্যায় শহরের শান্তিপাড়ার এক গৃহবধু থানায় এসে অভিযোগ করেন যে, তাকে শান্তিপাড়ার আলমগীর হোসেনের ছেলে নাঈম হোসেন ধর্ষণ করেছে।

নাঈমের বাড়িতে এ ধর্ষণের ঘটনা ঘটে। সকাল ১০টার দিকে ওই গৃহবধু শান্তিপাড়ার রাস্তা দিয়ে যাওয়ার সময় নাঈম ও তার দুসহযোগি অপু হোসেন ও রতন আলী ওই গৃহবধুকে জোরপূর্বক নাঈমের বাড়িতে নিয়ে যায়। তারপর নাঈম তাকে ধর্ষণ করে।

ওই গৃহবধু বাড়ি ফিরে পরিবারের অন্যদের ঘটনা জানান এবং সন্ধ্যায় সদর থানায় এসে নাঈম হোসেন, অপু হোসেন ও রতন আলীকে আসামি করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেন। মঙ্গলবার রাতেই চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ওই গৃহবধুর ডাক্তারি পরীক্ষা সম্পন্ন হয়।

ওসি আরো জানান, এ বিষয়ে তদন্ত চলছে। কেউ গ্রেপ্তার হয়নি। ডাক্তারি পরীক্ষার রিপোর্ট ও তদন্তের পর বিস্তারিত জানানো সম্ভব হবে।

আকাশ খবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদকের ইন্তেকাল

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক তানজীর আহমেদ রনি (৪২) বুধবার ভোর চারটায় হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)।

মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্র, আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার বাদ আছর চুয়াডাঙ্গার জান্নাতুল মাওলা কবরস্থানে তাঁর নামাজে জানাজা ও দাফনকাজ সম্পন্ন হয়।

তানজীর আহমেদ রনির শ্বশুর দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক অ্যাডভোকেট তছিরুল আলম মালিক ডিউক জানান, ভোররাতে অসুস্থ্য হয়ে পড়লে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়।

সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। হৃদরোগে আক্রান্ত হয়ে রনি মারা গেছেন বলে চিকিৎসকরা জানিয়েছেন।

তানজীর আহমেদ রনি কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সদস্য ছিলেন।

মেহেরপুরে ছাত্রলীগ নেতা রুবেল

ও শোভন আটক

মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি ও কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি কুদরত-ই খোদা রুবেল ও আবু মোর্শেদ শোভন সরকার কে চাঁদাবাজি মামলায় আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

গতকাল সদর থানা পুলিশের এসআই ইকবাল তাদের আটক করে থানায় নিয়ে যায়।

আজ বুধবার সকালে আটক দুই নেতাকে আদালতে পাঠানো হয়।

আদালত তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

সদর থানা পুলিশের ওসি শাহ দারা খান জানান, মেহেরপুর সরকারি কলেজর ছাত্র অমিত হাসান বাদি হয়ে রুবেল ও শোভন সরকারের বিরুদ্ধে জোর পূর্বক অর্থ আদায়ের অভিযোগ করে একটি মামলা দায়ের করেন যার নং ২৪।

এজন্য তাদের আটক করে আজ বুধবার সকালে আদালতে পাঠানো হয়।

এছাড়াও এই দুই ছাত্রলীগ নেতার বিরুদ্ধে ইভটিজিং ও মারামারির বিভিন্ন অভিযোগ আছে।

এদিকে রুবেল ও শোভন সরকারের আটকের বিষয়ে ষড়যন্ত্র বলে দাবি করেছেন সাবেক ছাত্রনেতা ও উপজেলা চেয়ারম্যান অ্যাড.ইয়ারুল ইসলাম ও জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

অ্যাড.ইয়ারুল বলেন এটা গ্রুপিং রাজনীতির ফল। মিথ্যা মামলায় তাদের ফাঁসানো হয়েছে৷

গোলাম রসুল বলেন, রুবেল ও শোভন কে আটকের পর আমরা বিভিন্ন জায়গায় খোঁজ খবর নিয়েছি। তাদের নামে যে মামলা করা হয়েছে সেটা মিথ্যা।

মামলার বাদির সাথে আমার কথা হয়েছে সে বলেছে আমি মামলার বিষয়ে তেমন কিছু জানিনা। আমাকে থানায় নিয়ে বলা হয়েছে একটা ফর্মে সাক্ষর করতে, আমি করেছি।

আমাদের ছাত্র নেতাদের মিথ্যা মামলা দিয়ে একশ্রেনীর রাজনৈতিক গ্রুপ স্বার্থ হাছিল করতে চাই। যেটা খুবই দুঃখ জনক।

[redacted]

[redacted]

তবে প্রয়োজনের তাগিদে মানুষ সর্তকতার সাথে বের হলেও কাজ শেষ করে বাড়ি ফিরে যাচ্ছে।